


খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশনকর্তৃপক্ষ,
খুলনা ওয়াসা, খুলনা।

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার (বিলপ্রদানকারী আউটসোর্সিং প্রতিষ্ঠান) অংশগ্রহণে সভার কার্যবিবরণী
সভার তারিখ ও সময় : ০২ মার্চ ২০২২ ইং, সকাল ১১:১৫ মিনিট।

সভার স্থান : খুলনা ওয়াসা, খুলনা (কক্ষ নং- ২০৯)

বানিজ্যিক ব্যবস্থাপক এর পরিচালনায় খুলনা ওয়াসার ও বিলপ্রদানকারী আউটসোর্সিং প্রতিষ্ঠান আমীর সুলতানের সঙ্গে ২০৯ নং কক্ষে ০২ মার্চ ২০২২ ইং তারিখ খুলনা ওয়াসা কর্মী সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সবাইকে শুভেচ্ছা বিনিময় করে সভা শুরু করেন।

আলোচনার বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত
কর্মীদের অভিজ্ঞতা ও মতামত	সকল মিটার রিডারদের কাছ থেকে পর্যায়ক্রমে তাদের কাজের অগ্রগতি সম্পর্কে শোনা হয়। সকল মিটার রিডার তাদের নিজ নিজ কাজের পরিকল্পনার মত প্রকাশ করেন এবং কাজের দক্ষতা বৃদ্ধির লক্ষে প্রশ্ন করেন যার উত্তর প্রদান করেন সুপারভাইজার/পিসি/রাজস্ব কর্মকর্তা ও সিএম।
মিটার রিডিং ও বিল বিতরণ কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনা	আলোচনায় উঠে আসে মিটার রিডিং নিয়ে রিডিং সঠিকভাবে মিটারের পরিষ্কার ছবিসহ প্রদান করতে হবে। এর ফলে গ্রাহক রিডিং নিয়ে কোনো প্রকার হয়রানির শিকার হবে না। এতে করে আমীর সুলতান ও খুলনা ওয়াসার ভাবমূর্তি উজ্জ্বল হবে এবং রাজস্ব বৃদ্ধি অব্যাহত থাকবে। সিদ্ধান্ত হয় যে- ১. সকল কর্মী এ্যাপ্সে মিটারের ছবিসহ রিডিং ইনপুট দিবে। ২. মিটারের সমস্যাগুলি মন্তব্যের ঘরে দিবে এবং তার তালিকাসহকারে সুপারভাইজারের নিকট দিবে। ৩. ছবিসহ ১০০% সঠিক রিডিং ইনপুট দিতে হবে। ৪. মিটারের ছবি ব্যাতীত পাশ্চাত্যী অন্য কোনো প্রকার ছবি গ্রহণযোগ্য নয়। ৫. যে সকল মিটারে সমস্যা তা এ্যাপ্সে রিমার্কসে উল্লেখ করে দিতে হবে।





আলোচনার বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত
	৬. গ্রাহকের সাথে ভাল সম্পর্ক বজায় রাখা এ ক্ষেত্রে কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে তা সুপারভাইজারকে অবহিত করতে হবে এবং গ্রাহক বান্ধব সেবা নিশ্চিত করতে হবে।
প্রতিদিন মনিটরিং ও রিপোর্টিং	<ol style="list-style-type: none"> ১. প্রতিদিন সুপারভাইজার তার জোনের ওয়ার্ডে ভিজিট করে আপডেট পিসিকে অবহিত করবে। ২. বিল যাতে সঠিক সময়ে গ্রাহকের নিকট পৌঁছায় তা নিশ্চিত করবেন। ৩. প্রতিদিন সুপারভাইজার কমপক্ষে ৫ জন গ্রাহকের সাথে কথা বলবে। ৪. এ্যাসেস সময়মতো ছবিসহ রিডিং ইনপুট দিচ্ছে কিনা সার্বক্ষণিক তদারকি করবে। ৫. ডিলিট/ডিসপুট ছবি পুনরায় সংগ্রহ করে জমা দিবেন।

পরিশেষে সভাপতি সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান ও শুভেচ্ছা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

বানিজ্যিক ব্যবস্থাপক,
খুলনা ওয়াসা



অনুলিপি :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, খুলানা ওয়াসা, খুলনা।
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক, (অর্থ ও প্রশাসন) খুলানা ওয়াসা, খুলনা।
- ৩। রাজস্ব কর্মকর্তা, খুলানা ওয়াসা, খুলনা।
- ৪। সংশ্লিষ্ট নথি।